

স্বাস্থ্য সেবা বিভাগ

সচিবের দপ্তর

স্বাস্থ্য সার্ভিসের সকল পর্যায়ের সহকর্মীবৃন্দ,

বর্তমান পরিস্থিতিতে সাধারণ রোগীদের চিকিৎসা প্রদানে হাসপাতাল বা সেবা প্রদানকারীদের অস্বীকৃতি বিষয়ে যে পত্রটি গত ২৫/০৩/২০২০ তারিখে মন্ত্রণালয় থেকে জারী করা হয়েছিল, তা আমার নজরে আসার সঙ্গে সঙ্গে বাতিল করেছি। পত্রটি যথাযথ ছিলনা বিধায় তা বাতিল করে প্রজ্ঞাপন জারী করা হয়েছে। এ নিয়ে কেউ মনে কষ্ট পেয়ে থাকলে আমি দুঃখ প্রকাশ করছি। আশা করি আলোচ্য পত্র নিয়ে ভুল বোঝাবুঝির অবসান হবে।

আমি আপনাদের আশ্বস্ত করতে চাই যে, স্বাস্থ্য সেবা বিভাগ চিকিৎসকসহ সকল সেবা প্রদানকারীর নিরাপত্তাসহ সেবা কর্মে সকল প্রকার সহযোগিতা প্রদানের সর্বাত্মক চেষ্টা চালিয়ে যাচ্ছে। আমি জানি, এ মুহূর্তে আপনারা চলাচলসহ অনেক চ্যালেঞ্জিং অবস্থায় মধ্য দিয়ে সময় পার করছেন। সেবার যে মহান ব্রত নিয়ে আপনারা কাজ করছেন এবং যে ত্যাগ ও নিষ্ঠার স্বাক্ষর ইতিপূর্বে রেখেছেন - তা দিয়ে আমরা আমাদের বর্তমান পরিস্থিতি সাফল্যের সঙ্গে মোকাবেলা করতে পারব বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি। আপনাদের সেবাদান কাজে সহযোগিতার জন্য আমরা সবসময় প্রস্তুত। আশা করি, পারস্পরিক শ্রদ্ধা ও নিষ্ঠার সঙ্গে আমরা আমাদের দায়িত্বপালন করে স্বাস্থ্য খাতে আমাদের লক্ষ্য অর্জন করতে সক্ষম হবো।

মোঃ আসাদুল ইসলাম  
সচিব